

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-২ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.২১২.২০১৭-১৩

তারিখঃ ০৩ জুলাই ২০১৭  
১৯ আষাঢ় ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৫৩৪৮/২০১৭, বাদী জনাব মোঃ মুর্শেদ কামাল চৌধুরী, পিতা-মোঃ আবঃ হালিম চৌধুরী, গ্রাম ও পোস্ট-মুরিয়াউক, থানা-লাখাই, জেলা-হবিগঞ্জ -বনাম-সরকার ও অন্যান্য।

হবিগঞ্জ জেলার লাখাই উপজেলা পরিষদের আইস চেয়ারম্যান জনাব মোঃ মুর্শেদ কামাল চৌধুরী এর বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে এ বিভাগের ২২/০৩/২০১৭ তারিখের ২৯৫নং প্রজ্ঞাপনমূলে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৫৩৪৮/২০১৭ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত উক্ত আদেশ ০১(এক) মাসের জন্য স্থগিত করতঃ রুল ইস্যুপূর্বক সচিব, স্থানীয় সরকার বিভাগসহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের জন্য আদেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

০৬.৭.১৭

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোন-৯৫৪০১৯৭

ই-মেইলঃ [dslaw2.lgd.gov@gmail.com](mailto:dslaw2.lgd.gov@gmail.com)

জেলা প্রশাসক

হবিগঞ্জ।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি/ মাস্টার কপি।